

মামলা নং- ৭৩/২০১৭

অর্ডার সীট
৭নং ফাইতৎ ইউনিয়ন পরিষদ কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা, বাংলাদেশ।

তারিখঃ ৩০/১১/২০১৭ইং

গ্রাম আদালত

বাদীঃ নুরুল ইসলাম, পিতা- আলী মদন, সাং- ফাদুর ছড়া, ফাইতৎ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

বনাম

বিবাদী/বিবাদীগণঃ আবদুল করিম প্রকাশ বাড়ু, পিতা- মরহুম তফুর আলী, সাং- ফাদুর ছড়া, ফাইতৎ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

তারিখ	অর্ডার	বিচারকের স্বাক্ষর
৩০/১১/২০১৭	নুরুল ইসলাম, পিতা- আলী মদন, সাং- ফাদুরছড়া, ৮নং ওয়ার্ড, ৭নং ফাইতৎ ইউপি, উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলা বাদী হইয়া বিবাদী আদুল করিম প্রকাশ বাড়ু, পিতা- মরহুম তফুর আলী, সাং- ফাদুরছড়া, ৮নং ওয়ার্ড, ৭নং ফাইতৎ ইউপি, উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলার বিরুদ্ধে একখানা অভিযোগ দায়ের করেন। বাদীর প্রাথমিক জবানবন্ধী গ্রহণ করা হইল। আগামী ধার্য তারিখে হাজির থাকার জন্য বিবাদীকে নোটিশ দিন। আগামী ধার্য তারিখ- ০৭/১২/২০১৭ইং।	স্বাক্ষরিত ৩০/১১/২০১৭ চেয়ারম্যান গ্রাম আদালত ৭নং ফাইতৎ ইউনিয়ন পরিষদ।
০৭/০২/২০১৭	অদ্য নথি পেশ করা হইল। বাদী হাজির আছে, বিবাদী হাজির নাই। আগামী ধার্য তারিখে হাজির থাকার জন্য বিবাদীকে নোটিশ দিন। আগামী ধার্য তারিখ- ১৪/১২/২০১৭ইং।	স্বাক্ষরিত ০৭/১২/২০১৭ চেয়ারম্যান গ্রাম আদালত ৭নং ফাইতৎ ইউনিয়ন পরিষদ।
১৪/১২/২০১৭	অদ্য নথি পেশ করা হইল। বাদী হাজির আছে, বিবাদী হাজির নাই। আগামী ধার্য তারিখে হাজির থাকার জন্য বিবাদীকে পুণরায় নোটিশ দিন। আগামী ধার্য তারিখ- ২৮/১২/২০১৭ইং।	স্বাক্ষরিত ১৪/১২/২০১৭ চেয়ারম্যান গ্রাম আদালত ৭নং ফাইতৎ ইউনিয়ন পরিষদ।
২৮/১২/২০১৭	অদ্য নথি পেশ করা হইল। বাদী হাজির আছে, বিবাদী হাজির নাই। বিবাদী নোটিশও গ্রহণ করেন নাই। আগামী ধার্য তারিখে হাজির থাকার জন্য বিবাদীকে পুনরায় নোটিশ দিন। আগামী ধার্য তারিখ- ০৪/০১/২০১৮ইং।	স্বাক্ষরিত ২৮/১২/২০১৭ চেয়ারম্যান গ্রাম আদালত ৭নং ফাইতৎ ইউনিয়ন পরিষদ।
০৪/০১/২০১৮	অদ্য নথি পেশ করা হইল। বাদী হাজির আছে, বিবাদী হাজির নাই এবং নোটিশও গ্রহণ করেন নাই। সমন দৃষ্টে দেখা যায়, বিবাদী একবার সমন গ্রহণ করিলেও পরবর্তীতে আর কোন প্রকার সমন গ্রহণ করেনাই এবং আদালতে হাজির হয়নাই। অদ্য মামলাটি এক তরফা শুনানির জন্য দিন ধার্য আছে। মামলার নিষ্পত্তির জন্য ইউনিয়ন পরিষদের পক্ষ হতে দুইজন প্রতিনিধি নিয়োগ করা হল।	স্বাক্ষরিত ২৮/১২/২০১৭ চেয়ারম্যান গ্রাম আদালত ৭ নং ফাইতৎ ইউনিয়ন পরিষদ।

প্রতিনিধিগণের নামঃ

- (১) জনাব সরোয়ার আলম- এম ইউ পি।
(২) জনাব হাসান শরীফ- স্থানীয়

গ্রাম আদালতের চেয়ারম্যান জনাব জালাল উদ্দিন ও সম্মানিত প্রতিনিধিগণ উপস্থিত আছেন। মামলাটি শুনানির জন্য লওয়া হল।

বাদীর বক্তব্য পর্যালোচনা করা হল। বাদীর বক্তব্য পর্যালোচনা করিলে দেখা যায়, অত্র ৩০৬নং ফাইতৎ মৌজায় আলী আহমদ, পিতা- বাঁচা মিয়া এর নামে হোল্ডিং নং- আর/২৭৫৪ এর আন্দর ৫.০০ (পাঁচ) একর ৩য় শ্রেণীর জমি রেকর্ডভূক্ত আছে। উক্ত জমি বাদী নোটারী পাবলিকের কার্যালয়, কর্মবাজার এর নোটারী দলিল নং- ০৪৫২(এন)১১, তারিখ- ১৫/১১/২০১৬ইং মূলে বাদী মূল মালিকের ওয়ারিশ হইতে ক্রয় পরবর্তী শাস্তিপূর্ণভাবে ভোগ দখলে স্থিত আছে। বিবাদীর জমি বাদীর ক্রয়কৃত ও ভোগ

দখলীয় জমির পাশ্ববর্তী জমি হয়। বিবাদী বিভিন্ন সময় বাদীর ক্রয়কৃত ও ভোগ দখলীয় জমির সীমানা লঙ্ঘন করিয়া জোর পূর্বক অবৈধভাবে জমি জবর দখলের অপচেষ্টায় লিপ্ত হইয়া পড়িলে বাদী বাধা প্রদান করার চেষ্টা করিলে বিবাদী বাদীকে বিভিন্ন সন্ত্বাসীর মাধ্যমে নানা ভয়ভীতিসহ তুমকি প্রদর্শনের অপচেষ্টা করেন বলে জানান। ফলে বাদী ন্যায় বিচার পাওয়ার লক্ষ্যে অত্র আদালতে অভিযোগ দায়ের করেন।

বাদীর দাখিলীয় কাগজ পত্র পর্যালোচনা করিলে দেখা যায়, বাদী নোটারী পাবলিকের কার্যালয় কঞ্চিবাজার এর নোটারী দলিল নং- ০৪৫২(এন)১১, তারিখ- ১৫/১১/২০১৬ইং মূলে অত্র ৩০৬নং ফাইতৎ মৌজার হোল্ডিং নং- আর/২৭৫৪ এর মূল মালিক আলী আহাম্মদ, পিতা- বাঁচা মিয়ার ওয়ারিশ হইতে ৫.০০ (পাঁচ) একর ত্রয় শ্রেণীর জমি ক্রয় করেন।

স্থানীয় স্বাক্ষী প্রমাণে দেখা যায়, বাদী ও বিবাদীর জমি পাশ্ববর্তী জমি হয়। পক্ষদ্বয়ের মধ্যে সীমানা বিরোধ চলমান রহিয়াছে।

সূত্রোত্ত মামলায় মোট ধার্য্য তারিখ ৩টি। বিবাদী ১ম ধার্য্য তারিখে সমন গ্রহণ করিলেও ২টি ধার্য্য তারিখে সমন পাওয়ার পরও সমন গ্রহণ করেনাই এবং কোন প্রকার তৎবীর ব্যতীত আদালতে হাজির হয়নাই। ইহাতে প্রতীয়মান হয় বিবাদী প্রচলিত আইনের শ্রদ্ধাশীল নয়। যাহা আদালত অবমাননার শামীল।

এমতাবস্থায়, আমরা সর্বসমতিক্রমে নিম্নলিখিত রায় বা সিদ্ধান্ত প্রদান করিলাম।

রায় বা সিদ্ধান্তঃ

১. যেহেতু বাদী হোল্ডিং নং- আর/২৭৫৪ এর মূল মালিক আলী আহাম্মদ, পিতা- বাঁচা মিয়ার ওয়ারিশ হইতে নোটারী দলিল মূলে ৫.০০ (পাঁচ) একর ত্রয় শ্রেণীর জমি ক্রয় করিয়াছে এবং উক্ত জমিতে ভোগ দখলে রত আছে। তাই উক্ত জমিতে চৌহদিতে মোতাবেক বাদীকে ভোগ দখলে স্থিত থাকার জন্য বলা হইল।
২. বাদীর ক্রয়কৃত ও ভোগ দখলীয় হোল্ডিং নং- আর/২৭৫৪ এর ৫.০০ (পাঁচ) একর জমিতে বিবাদীকে বাদীর ভোগ দখলে কোন প্রকার বিষ্ণু সৃষ্টি না করার জন্য বলা হইল।
৩. বাদীর ক্রয়কৃত ও ভোগ দখলীয় হোল্ডিং নং- আর/২৭৫৪ এর ৫.০০ (পাঁচ) একর ত্রয় শ্রেণীর জমিতে বাদীর ভোগ দখলে বিবাদী কোন প্রকার বিষ্ণু সৃষ্টি করিলে বাদীকে বিজ্ঞ উচ্চ আদালতে শরণাপন্ন হওয়ার পরামর্শ দেওয়া হইল।
৪. পক্ষদ্বয়কে যাবতীয় ক্ষয়ক্ষতি হইতে মুক্ত থাকিয়া শান্তিপূর্ণভাবে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে বসবাস করা জন্য পরামর্শ দেওয়া হইল।

অত্র রায় দুঃতরফা সূত্রে সর্বসমতিক্রমে প্রদান করা হইল। মামলাটি আর কিছু করনীয় নাথাকায় নথিভৃত্ক করা হইল।

প্রতিনিধি গণের নাম ও স্বাক্ষরঃ

- ১। জনাব সরোয়ার আলম- এম ইউ পি,
- ২। জনাব হাসান শরীফ- স্থানীয়

স্বাক্ষরিত

স্বাক্ষরিত

০৪/০১/২০১৮

চেয়ারম্যান

গ্রাম আদালত

৭ নং ফাইতৎ

ইউনিয়ন পরিষদ।